শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জীবননগর উপজেলা পরিষদের জুন-২০২১খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ১০-০৬-২০২১খ্রিঃ, সময় ঃ বেলা- ১০:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ১২/২০২০-২১ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত মে-২০২১খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে, বর্তমান পরিস্থিতির উপরে ৬৪টি জেলার মধ্যে চুয়াডাঙ্গা জেলার আইন-শৃঙ্খলা ভালো আছে। আমাদের মাদক বিরোধী অভিযান চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় আমরা সব সময় প্রস্তুত আছি এবং আমাদের সহযোগিতা সব সময় থাকবে। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। যতটা সম্ভব বাহিরে কম যেতে হবে এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হতে হবে। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখা এবং মাদক বিরোধী অভিযান চলমান রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা পরিস্থিতি নিয়ে আমরা হুমকির মুখে পড়েছি। প্রথম পর্যায় থেকে আমরা এখন কঠিন পর্যায়ে চলে গিয়েছি। আমাদের দেশের মানুষ খুবই অসচেতন কোন ভাবেই কোন লক ডাউন মানছে না। প্রয়োজন ছাড়া বাহিরে যাচ্ছে, মাস্ক ব্যবহার করছে না। সামাজিক দূরুত্ব মেনে চলছে না। হাসপাতালে অনেক মানুষ প্রয়োজন ছাড়াই যাচ্ছে। তাদেরকে নিষেধ করা সত্ত্বেও তারা মানছে না। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। বার বার হাত ধৌত করা। গরম পানি খাওয়া। গরম ভাব নিব। যদি সর্দি কাশি হয় তাহলে আমার কাছে ফোনে যোগাযোগ করলে আমি যতদুর সম্ভব চিকিৎসা দেব। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খান। বাহিরে গেলে | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | | |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা কালীন সময়ে আমাদের কর্মিরা বাড়ি বাড়ি গিয়ে, স্যাটেলাইট ক্লিনিকে এবং এফডব্লিউসি-তে বসে স্বাস্থ্যবিধি মেনে তারা যথাযথ কাজ চালিয়ে যাবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জীবননগর। |
| ০৫ | উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসএপিপিও, উপজেলা কৃষি অফিসারের কার্যালয় বলেন যে, গত ২৭-০১-২০২১খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |
| ০৬ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>মৎস্য বিভাগীয় ঃ উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা বলেন যে, গত ১১-১১-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জাটকা ইলিশ অভিযান চলছে। বাজার মনিটরিং চলছে এব্যাপারে সকলের সহযোগিতা কামনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জীবননগর। |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বলেন যে, আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল জীবননগরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর। |
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>(ক) উপজেলা প্রকৌশলী বলেন যে - ২০২০-২১খ্রিঃ অর্থবছরে বরাদ্দকৃত এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের বিপরিতে গ্রহনকৃত প্রকল্পের কাজ এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে কাজগুলি প্রায় শেষ পর্যায়ে। উক্ত কাজের চুড়ান্ত বিল প্রায় ৬৫% প্রদান করা হয়েছে। আগামী ৩০ জুন-২০২০খ্রিঃ তারিখের মধ্যে সমস্ত কাজগুলি ১০০% সমাপ্ত হইবে।<br><br>(খ) ২০২০-২১খ্রিঃ অর্থবছরের এডিপি তহবিল- ১৯,২২,৩৭০.০০ (উনিশ লক্ষ বাইশ হাজার তিনশত সত্তর) টাকা এবং এডিপি তহবিলের সাশ্রয়কৃত অর্থ- ২,৭৭,৬৩০.০০ (দুই লক্ষ সাতাত্তর হাজার ছয়শত ত্রিশ) টাকা সর্বমোট- ২২,০০,০০০.০০ (বাইশ লক্ষ) টাকার বিপরীতে সময় স্বল্পতার কারনে দরপত্র আহবানের সময় না থাকায় নীতিমালার আলোকে জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে দরপত্র আহবানের মাধ্যমে প্রকল্প গ্রহন করা যেতে পারে। | (ক) উক্ত আলোচনান্তে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলি বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়িত কাজগুলি নিবিড় তদারকি করতে হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>(খ) উক্ত আলোচনান্তে প্রকল্পগুলি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- ''খ'' তে উল্লেখ করা হলো। নীতিমালা অনুসারে প্রকল্পগুলি এডিপি তহবিল এবং এডিপি তহবিলের সাশ্রয়কৃত অর্থ হইতে বাস্তবায়ন করতে হবে। সেই প্রেক্ষিতে প্রাক্কলন প্রস্তুত করে জরুরী ভিত্তিতে আরএফকিউ পদ্ধতিতে দরপত্র আহবানের | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | | মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) বলেন যে - ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বরাদ্দকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উন্নয়নের ০৬টি উপ-প্রকল্প এবং ৩৯,৯৮,২০০.০০ + ভ্যাট ও ট্যাক্স- ৪,৪১,৮০০.০০ = মোট- ৪৪,৪০,০০০.০০ (চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের ০৩টি উপ-প্রকল্প চুড়ান্ত অনুমোদনের জন্য PMU বরাবর পাঠানো হয়েছে। | উক্ত আলোচনান্তে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি এবং অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি অনুমোদন পাওয়া সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমুহকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তর সমুহ এবং ইউডিএফ। |
| ১০ | উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - ভাতাভোগিদের এমআইএস ও বিকাশ একাউন্ট খোলার কাজ চলমান আছে। মন্ত্রণালয় ভাতা ভোগিদের ২য় কিস্তির টাকা বিকাশের মাধ্যমে দেওয়ার প্রক্রিয়া চালাচ্ছে। এজন্য সামাজিক দূরুত্ব বজায় রেখে নির্ধারিত বিকাশ একাউন্টের মাধ্যমে যাদের এখনও বিকাশ একাউন্ট খোলা হয়নি তাদের একাউন্ট খোলার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। | উক্ত ভাতা, কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ফেব্রুয়ারী মাস থেকে মুক্তিযোদ্ধাদের ভাতা G2P তে দেওয়া হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১২ | উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, গত ০৬-০৪-২০২১খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ১১-০১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাসের কারনে শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস এখনও পর্যন্ত শুরু করা সম্ভব হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | কবে খুলবে তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। লোকাল ডিস লাইনের মাধ্যমে গত বার যে ভাবে আমরা ক্লাশ রেকডিং করে চালিয়ে ছিলাম এব্যাপারে আমরা দ্রুত শুরু করা জন্য প্রস্তুতি নিচ্ছি । | | |
| ১৫ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৭-০৬-২০২১খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br><br>(ক) বিবেচ্য সময়ে সকল (৭১টি) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের মাসিক বেতন ভাতা বিল পরিশোধ হয়েছে। মোবাইল একাউন্টের মাধ্যমে সুবিধাভোগী শিক্ষার্থীদের জানুয়ারি-জুন-২০২১ কিস্তির উবৃত্তি প্রদানের লক্ষ্যে নগদ পোর্টালে তথ্য ও চাহিদা এন্ট্রি ও ভেলিডেশনের কাজ সম্পন করা হয়েছে। শীঘ্রই উপবৃত্তির অর্থ শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল একাউন্টে ছাড় করা হবে। উপজেলার ৩৫৭ জন সহকারী শিক্ষকের ১৩ তম গ্রেডে বেতন নির্ধারন করে উক্ত গ্রেডে আইবানে শিক্ষকগনের মে মাসের বেতন প্রদান করা হয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবেই চলমান আছে। | (ক) শিক্ষকগণের বেতন-ভাতা, নগদ পোর্টালে উপবৃত্তির তথ্য এন্ট্রি কার্যক্রমসমূহ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সুসম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (খ) করোনা পরিস্থিতিতে দীর্ঘদীন বিদ্যালয় বন্ধ থাকায় টিভি ও রেডিওতে ঘরে বসে শিখি প্রোগ্রামের পাশাপাশি শিশুদের বাড়ির কাজের জন্য পরীক্ষামূলকভাবে মোট ৮ সপ্তাহের জন্য ওয়ার্কশীট বিতরনের জন্য কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে শিক্ষকগণকর্তৃক সপ্তাহ ভিত্তিক ওয়ার্কশীট সমূহ শিশুদের মধ্যে বিতরণ ও সপ্তাহ শেষে গ্রহণ করা হচ্ছে। একাজে সার্বিক সহযোগিতা করতে ইউনিয়ন পরিষদের চেয়োরম্যান, জনপ্রতিনিধিসহ উপজেলা পরিষদের সকল সদস্যগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) করোনা পরিস্থিতিতে শিশুদের বাড়ির কাজের জন্য ওয়ার্কশীটসমূহ বিতরণ ও সপ্তাহ শেষে গ্রহণের কাজে সার্বিক সহযোগিতা করতে ইউনিয়ন পরিষদের চেয়োরম্যান, জনপ্রতিনিধিসহ উপজেলা পরিষদের সকল সদস্যগণের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | |
| | (গ) মোবাইল একাউন্টের মাধ্যমে উপবৃত্তিপ্রাপ্ত সুবিধাভোগী শিক্ষার্থীদের জুলাই-ডিসেম্বর-২০২০ কিস্তির উবৃত্তির অর্থ ছাড় করা হয়েছে। কোন প্রতারকচক্র পূর্বের ন্যায় অভিভাবকগণের সাথে প্রতারনার মাধ্যমে নগদ একাউন্টের অর্থ হাতিয়ে নিতে না পারে সেলক্ষ্যে অভিভাবকগণকে সচেতন ও অভিভাবকের নগদ একাউন্টের অর্থ অভিলম্বে উত্তোলন করে নিতে ইউনিয়নভুক্ত অভিভাবকগণকে অবহিত করনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) নগদ একাউন্টের মাধ্যমে জুলাই-ডিসেম্বর-২০২০ দুই কিস্তির সম্প্রতি ছাড়কৃত উবৃত্তির অর্থ উত্তোলনে অভিভাবকগণ যেন প্রতারিত না হয় এবং অবিলম্বে নগদ একাউন্ট হতে অর্থ উত্তোলন করে নেই সেবিষয়টি প্রচারের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গণকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ০৫-০৪-২০২১খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | <u>উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | **উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর।** |
| ১৮ | <u>উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগরকে অনুরোধ করা হয়। | **সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগর।** |
| ১৯ | <u>আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্পকে অনুরোধ করা হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, জীবননগর। |
| ২০ | <u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u>ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ১০-০১-২০২১খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, জীবননগর। |
| ২১ | <u>উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ০৯-০৩-২০২১খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২২ | <u>উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ০৯-০২-২০২১খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |
| ২৩ | <u>অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ জনাব ফিরোজ আহমেদ রানা, এস.এ.এস. সুপারিনটেনডেন্ট, উপজেলা হিসাব রক্ষণ অফিস বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | <u>উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর বলেন যে, করোনা ভাইরাস থেকে আমাদের বাঁচার একমাত্র উপায় হলো স্বাস্থ্যবিধি মেনে চলা। মুখে মাস্ক ব্যবহার করা। সামাজিক দূরুত্ব মেনে চলা। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। সাবান পানি দিয়ে ২০ সেকেন্ড এর উপর হাত ধৌত করা। একটি করোনা রুগি যখন সম্পুর্ণ সংক্রামিত হবে তার দ্বারা ছয় হাজার মানুষ আক্রান্ত হবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে এই উপজেলায় তিনটি হাত ধোয়ার বেসিন স্থাপন করা হয়েছে। উপজেলা পরিষদে যারা সেবা গ্রহিতা আসেন তাদেরকে নিশ্চিত করতে হবে যে | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং এধারা অব্যহত রাখার জন্য সভায় সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | ওখান থেকে তারা সাবান পানি দিয়ে হাত ধুয়ে তারপর প্রয়োজনীয় দপ্তরে যাবেন। এই উপজেলায় আরও হ্যান্ড ওয়াশিং বেসিন এর প্রয়োজন হলে সেক্ষেত্রে বরাদ্দ দেওয়া যাবে। যেখানে বেসিন স্থাপন হবে সেখানে ওয়াটার সাপ্লায় ও বিদ্যুৎ এর ব্যবস্থা থাকতে হবে এবং বিদ্যুৎ বিল সেখান থেকে পরিশোধ করতে হবে। যদি কোন স্থান থাকে তাহলে আমার কাছে তালিকা দিলে প্রাথমিক ভাবে চাহিদা প্রেরণ করলে দ্রুত বরাদ্দ দিয়ে দিবে। | | |
| ২৫ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগরকে অনুরোধ করা হয়। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। |
| ২৬ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। মসজিদে নামাজ পড়ার সময় সামাজিক দূরুত্ব বজায় রেখে নামাজ পড়তে হবে। মসজিদে নামাজ পড়তে যাওয়ার সময় অবশ্যই মুখে মাস্ক দিতে হবে। | উপজেলার সকল মসজিদের ঈমামসহ মুসল্লিদের উদ্দেশ্যে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সতর্কতা বিষয়ে প্রচারের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ২৭ | দীপক কুমার বসু, উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়। | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। |
| ২৮ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করার জন্য সভাকে অবহিত করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত আপডেট করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |
| ২৯ | (ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, জীবননগর উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থবছরের "বার্ষিক পরিকল্পনা ও তথ্য বই" প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে। সেই প্রেক্ষিতে উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের আর্থ-সামাজিক মৌলিক তথ্য উপাত্ত অত্যন্ত জরুরী। উপজেলার বিভিন্ন খাতের মৌলিক তথ্য উপাত্তকে ভিত্তি ধরে পরবর্তী পরিকল্পনার লক্ষ্য নির্ধারণ সহজ হয়। সে লক্ষ্যে বইটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। | (ক) উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থবছরের "বার্ষিক পরিকল্পনা ও তথ্য বই" বাস্তবায়নের লক্ষ্যে উপজেলায় হস্তান্তরিত বিভিন্ন সরকারী দপ্তর ও অন্যান্য দপ্তর সমূহকে সংশ্লিষ্ট | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী. জীবননগর, |

| | | | |
|---|---|---|---|
| | (খ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের নিমিত্তে কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি গঠন করা প্রয়োজন। | হালনাগাদকৃত তথ্য উপাত্ত প্রনয়ন পূর্বক বইটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উক্ত কর্ম পরিকল্পনা প্রণয়ন ও পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি গঠনের অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চুয়াডাঙ্গা। |
| ৩০ | মেয়র, জীবননগর পৌরসভা বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে আমরা বাসার বাইরে যাবো না। বার বার হাত ধৌত করবো। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাব। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | - |
| ৩১ | ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে আমরা বাসার বাইরে যাবো না। বার বার হাত ধৌত করবো। গরম পানি খাব। গরম ভাব নিব। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাব। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | - |
| ৩২ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৩ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৪ | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৫ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৬ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা আছে। অনেক ছাত্র-ছাত্রী | জন্ম নিবন্ধনের সমস্যা সমাধানের বিষয়ে উপজেলা | সহকারী প্রোগ্রামার, |

| | | | |
|---|---|---|---|
| | আমাদের কাছে জন্ম নিবন্ধন করতে আসে। নতুন নিয়ম অনুযায়ী জন্ম নিবন্ধন করতে হলে তাদের বাবা-মায়ের ডিজিটাল জন্ম নিবন্ধন লাগছে। কিন্তু জন্ম নিবন্ধন ডিজিটাল করতে হলে বাঁকা ইউনিয়ন পরিষদে আসতে হচ্ছে। উক্ত বিষয়ে সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | নির্বাহী অফিসার মহোদয় আশ্বাস প্রদান করেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |
| ৩৭ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস নামক মহামারিতে বাংলাদেশের অনেক মানুষ মৃত্যু বরণ করেছেন। করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে যাওয়া যাবে না। বার বার হাত ধৌত করতে হবে। গরম পানি খেতে হবে। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খেতে হবে। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | - |
| ৩৮ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৯ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪০ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত</u> ঃ<br>(ক) মে-২০২১খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের মে-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর মে-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর মে-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র। | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| | (০২) মে-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের | (০২) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস- | |

| | |
|---|---|
| সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯৫৫.০০ (সাইত্রিশ হাজার নয়শত পঞ্চান্ন) টাকা মাত্র। | চেয়ারম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৩) মে-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৭৫.০০ (চার হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র। | (০৩) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৪) মে-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৪) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৫) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে মে-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৮৫০.০০ (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে মে-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৮৫০.০০ (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র। | (০৫) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারী গণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৬) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বেতনের ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে মে-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা মাত্র | (০৬) উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ |

৯/১২/২১

| | | |
|---|---|---|
| | | ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের চুয়াডাঙ্গা ঘ-১১-০০১৭ নং জীপ গাড়ী গত ০৩-০৬-২০২১খ্রীঃ তারিখে মেরামতের মালামাল ক্রয় বাবদ- এসির ভ্যাকুম, রেড ওয়াটার ফ্যান, ডানলফ টায়ার এবং সার্ভিস চার্জ বাবদ সর্বমোট- ২৪,৯৮০.০০ (চব্বিশ হাজার নয়শত আঁশি) টাকা মাত্র ব্যয় হয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ক্রয়কৃত মালামালের টাকা পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (খ) উক্ত জীপ গাড়ীর মালামাল ক্রয় বাবদ সর্বমোট- ২৪,৯৮০.০০ (চব্বিশ হাজার নয়শত আঁশি) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ণ) অনুচ্ছেদ এর "যানবাহন মেরামত" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (গ) উপজেলা পরিষদের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক বাজেট সভা অনুষ্ঠানের জন্য বাজেট বই তৈরী করা হয়। উক্ত বাজেট বই প্রিন্ট ও বই বাধায় ব্যয় বাবদ- বাজেট বই ৪০টি×৫৫= ২,২০০.০০ (দুই হাজার দুইশত) টাকা মাত্র ব্যয় হয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত বিল পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (গ) উক্ত বাজেট বই তৈরী বাবদ ব্যয়- ২,২০০.০০ (দুই হাজার দুইশত) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ব) অনুচ্ছেদ এর "প্রকাশনা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার (১গ-তিস্তা) ভবন এর ভিতরে ও বাহিরের দেওয়ালের প্লাস্টার ড্যাম হয়ে দেওয়াল থেকে প্লাস্টার ঝরে পড়ছে এবং বিল্ডিং এর দরজা অকেজ হয়ে গিয়েছে। উক্ত কাজগুলি দ্রুত মেরামত করে সম্পন্ন করা প্রয়োজন। সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার ব্যয় হবে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঘ) উক্ত কোয়াটার মেরামত বাবদ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কোয়াটারের মেরামতের কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- "গ" তে উল্লেখ করা হলো। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও |

| | |
|---|---|
| | বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ /রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (ঙ) উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার (১গ-তিস্তা) ভবনের ছাদ ড্যাম হয়ে প্লাস্টার উঠে যাচ্ছে। বৃষ্টি হলে ছাদ রসে নিচে পানি ঝরছে এবং প্লাস্টার ভেঙ্গে ঝরে পড়ছে। উক্ত কাজটি দ্রুত মেরামত করে সম্পন্ন করা প্রয়োজন। সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার ব্যয় হবে ১,৭০,০০০.০০ (এক লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঙ) উক্ত কোয়াটারের ছাদ মেরামত বাবদ ১,৭০,০০০.০০ (এক লক্ষ সত্তর হাজার) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কোয়াটারের মেরামতের কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- ''গ" তে উল্লেখ করা হলো। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ /রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (চ) উপজেলা প্রকৌশলী বলেন যে, উপজেলা পরিষদের জুঁই ভবনের ছাদ এবং দেওয়াল থেকে প্লাস্টার ভেঙ্গে পড়ছে, পানির লাইনের সমস্যা দেখা দিয়েছে, ভবনের দরজা ভেঙ্গে গিয়েছে এবং পানির পাম্প হাউজের টিনের ছাউনি অনেক পুরাতন হওয়ায় টিনে মরিচা ধরে নষ্ট হয়ে গিয়েছে একটু বৃষ্টি হলে ভিতরে বৃষ্টি পড়ে ও দেওয়ালের প্লাস্টার ড্যাম হয়ে ঝরে পড়ছে। উক্ত কাজগুলি দ্রুত মেরামত করে সম্পন্ন করা প্রয়োজন। সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার ব্যয় হবে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (চ) উক্ত জুঁই ভবন এবং পানির পাম্প হাউজ মেরামত বাবদ ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। ভবনের মেরামতের কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- ''গ" তে উল্লেখ করা হলো। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| | | /রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ছ) উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের প্রিন্টারে প্রিন্ট দেওয়া অবস্থায় হঠাৎ বিকল হয়ে যায়। মেরামতের জন্য ম্যাকানিকের পরামর্শ নেওয়া হয়। কিন্তু মেরামত করে প্রিন্টার সচল করা সম্ভব হয়নি। যার কারনে অফিসের কাজের সমস্যা হচ্ছে। সে কারনে জরুরি ভিত্তিতে নতুন একটি **Brother Dcp-T310 Colour Printer** ক্রয় করা হয়েছে। যার মূল্যে ১৯,৫৫০.০০ (উনিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত প্রিন্টারের বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত বিল পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ছ) উক্ত **Brother Dcp-T310 Colour Printer** ক্রয়ের বিল- ১৯,৫৫০.০০ (উনিশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(চ) অনুচ্ছেদ এর "অফিস সরঞ্জাম ক্রয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (জ) উপজেলা প্রকৌশলী বলেন যে, ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল, উপজেলা উন্নয়ন তহবিল ও জাইকা তহবিল হইতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে দরপত্র বিজ্ঞপ্তির বিজ্ঞাপন বিল- ২,৪৬,১৪৭.০০ এবং ভ্যাট ও আয়কর- ৪৮,৭১৯.০০, মোট- ২,৯৪,৮৬৬.০০ (দুই লক্ষ চুরানব্বই হাজার আটশত ছেষট্টি) টাকা মাত্র।<br><br>১৪২৮ বঙ্গাব্দের জন্য ২০টি হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকায় ও ১৪২৮-১৪৩০ বঙ্গাব্দে জলমহাল ইজারা ০৫টি জলমহাল এবং ১৪২৮-১৪৩০ বঙ্গাব্দের জন্য ০৫টি জলমহাল ইজারার বিজ্ঞাপন (সংশোধিত বিজ্ঞপ্তি) স্থানীয় দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় প্রকাশ করা হয়েছিল। প্রকাশিত বিজ্ঞাপন বিল- ৩৫,০৫৭.০০ এবং ভ্যাট ও আয়কর- ৫,৫৯৯.০০, মোট- ৪০,৬৫৬.০০ (চল্লিশ হাজার ছয়শত ছাপান্ন) টাকা মাত্র।<br><br>২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল, উপজেলা উন্নয়ন তহবিল ও জাইকা তহবিল হইতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আহুত দরপত্র বিজ্ঞপ্তির টেন্ডারের ফটোকপি ও টেন্ডারের আনুষঙ্গিক বিল- ৪০,১৬৭.০০ এবং ভ্যাট ও আয়কর- ৯,৪২৩.০০, মোট- ৪৯,৫৯০.০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত নব্বই) টাকা মাত্র।<br><br>সর্বমোট- ২,৯৪,৮৬৬+৪০,৬৫৬+৪৯,৫৯০= ৩,৮৫,১১২.০০ (তিনলক্ষ পঁচাশি হাজার একশত বার) টাকা মাত্র। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বিলগুলি পরিশোধের বিষয়ে সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (জ) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে বিজ্ঞাপন বিল পরিশোধের বিধান রয়েছে। সে মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হইতে দরপত্র বিজ্ঞপ্তির বিজ্ঞাপন বিলসহ ভ্যাট ও আয়কর, দরপত্র বিজ্ঞপ্তির টেন্ডারের ফটোকপি ও টেন্ডারের আনুষঙ্গিক বিল বাবদ সর্বমোট - ৩,৮৫,১১২.০০ (তিনলক্ষ পঁচাশি হাজার একশত বার) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পগুলি ৩০ জুনের মধ্যে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বিশ্বব্যপী করোনা ভাইরাস (কোভিড-১৯) যে ভাবে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে করে আমাদের উচিত হবে অবশ্যই মুখে মাস্ক ব্যবহার করা, নিয়মিত সাবান দিয়ে হাত-পা ধৌত করা, সামাজিক দূরুত্ব মেনে চলা। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। গরম পানি খাওয়া। ভিটামিন সি জাতীয় ফল বেশী

করে খাওয়া। আর নিজেকে সুরক্ষিত রাখা। সরকারী ঘোষিত নিয়ম কানুন মেনে চলাসহ আতঙ্কিত না হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা বাসীর প্রতি আমার অনুরোধ রইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২১-৬১১(৫০) তারিখ ঃ ১৫-০৬-২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। উপজেলা ................................................... অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১০। চেয়ারম্যান ............................................ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব ............................................................. জীবননগর, চুয়াডাঙ্গা।

(এস. এম. মুনিম লিংকন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫০০১
unojibannagar@mopa.gov.bd

# পরিশিষ্ট - খ

জীবননগর উপজেলা পরিষদের ১০-০৬-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারণ সভায় অনুমোদিত ২০২০-২১খ্রিঃ অর্থবছরের এডিপি তহবিল- ১৯,২২,৩৭০.০০ (উনিশ লক্ষ বাইশ হাজার তিনশত সত্তর) টাকা এবং এডিপি তহবিলের সাশ্রয়কৃত অর্থ- ২,৭৭,৬৩০.০০ (দুই লক্ষ সাতাত্তর হাজার ছয়শত ত্রিশ) টাকা সর্বমোট - ২২,০০,০০০.০০ (বাইশ লক্ষ) টাকার বিপরীতে চুড়ান্তভাবে অনুমোদিত প্রকল্পসমূহ।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রকল্পের খাত | টাকা | বাস্তবায়নের মাধ্যম |
|---|---|---|---|---|
| ০১ | (ক) উথলী ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড সেনেরহুদা গ্রামের মাননীয় প্রধানমন্ত্রীর উপহারস্বরুপ আবাসনের অভ্যন্তরে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | আর এফ কিউ |
| | (খ) উথলী ইউনিয়নের ০৪ ও ০৫ নং ওয়ার্ড সেনেরহুদা প্রাথমিক বিদ্যালয় হইতে সেনেরহুদা পূর্বপাড়া আহসান এর বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (গ) আন্দুলবাড়ীয়া ইউনিয়নের ০৭ নং ওয়ার্ড ঘুগরাগাছি গ্রামের ইকরামুল এর জমির নিকট পিচ রাস্তা হইতে শাহাপুর ক্যাম্প অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (ঘ) সীমান্ত ইউনিয়নের ০৭ নং ওয়ার্ড হাবিবপুর গ্রামের শাহাজত এর বাড়ী হইতে কবরস্থান অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (ঙ) বাঁকা ইউনিয়নের ০৩ নং ওয়ার্ড আলীপুর গ্রামের পীচ রাস্তা হইতে হাজি মনির হোসেন মাধ্যমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ৯০০০০.০০ | |
| | (চ) বাঁকা ইউনিয়নের ০৩ নং ওয়ার্ড আলীপুর গ্রামের ইমান আলীর বাড়ী হইতে দয়াল এর বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | মোট - | | ৮,৪০,০০০.০০ | |
| ০২ | (ক) বাঁকা ইউনিয়নের ০৬ নং ওয়ার্ড পূর্ব নওদাপাড়া জান্নাতুল নূর কবরস্থানের অভ্যন্তরে মেইন গেট হইতে সীমানা প্রাচীর পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১১০০০০.০০ | আর এফ কিউ |
| | (খ) হাসাদাহ ইউনিয়নের ০২ নং ওয়ার্ড মাধবপুর গ্রামের মৃত নবীছদ্দি মন্ডল এর বাড়ী হইতে হামিদুর বিশ্বাস এর বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (গ) রায়পুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড বারুইপাড়া পূজা মন্ডপ এর সামনে হইতে উত্তরপাড়া জামে মসজিদ অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (ঘ) রায়পুর ইউনিয়নের ০৯ নং ওয়ার্ড পুরাতন চাকলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সংলগ্ন হাকিম মোল্লার দোকান হইতে ইছাহাক এর বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (ঙ) মনোহরপুর ইউনিয়নের ০৭ নং ওয়ার্ড ধোপাখালি গ্রামের রিপন মেম্বার এর জমি হইতে ওয়াসেফ কালার বাগান অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | (চ) কেডিকে ইউনিয়নের ০৬ নং ওয়ার্ড কাশীপুর মাঠপাড়া নদীরধার পাড়ার আহম্মদ এর বাড়ী হইতে শফির বাড়ী অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং করন। (ADP) | পরিবহন ও যোগাযোগ | ১৫০০০০.০০ | |
| | মোট - | | ৮,৬০,০০০.০০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | (ক) জীবননগর উপজেলার বিভিন্ন গ্রামে আম্পান ঝড়ে ক্ষতিগ্রস্থ দুঃস্থ পরিবারের মধ্যে ঢেউটিন বিতরণ। (ADP) | আর্থ সামাজিক অবকাঠামো | ২০০০০০.০০ | আর এফ কিউ |
| | (খ) জীবননগর উপজেলার বিভিন্ন গ্রামে দুঃস্থ পরিবারের মধ্যে সেলাই মেশিন বিতরন। (ADP) | মহিলা ও শিশু কল্যাণ | ২০০০০০.০০ | |
| | (গ) করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পিপিই বিতরণ। (ADP) | স্বাস্থ্য ও সমাজ কল্যাণ | ১০০০০০.০০ | |
| | মোট - | | ৫,০০,০০০.০০ | |
| - | ১৫ টি প্রকল্পের সর্বমোট টাকার পরিমাণ - | - | ২২,০০,০০০.০০ | - |

(স্বাক্ষর) ১০/৬/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

# পরিশিষ্ট - গ

জীবননগর উপজেলা পরিষদের ১০-০৬-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারণ সভায় অনুমোদিত ২০২০-২১খ্রিঃ অর্থবছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে বাস্তবায়িত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য কমিটিসমূহ।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি | টাকা |
|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার (১গ-তিস্তা) ভবন মেরামত। | ১। মোঃ আব্দুল আলীম, সদস্য, সীমান্ত ইউপি - প্রকল্প সভাপতি<br>২। মোঃ আরজাম হোসেন, সদস্য, সীমান্ত ইউপি - সদস্য সচিব<br>৩। মোঃ বদরউদ্দিন, গণ্যমান্য ব্যক্তি - সদস্য<br>৪। মোছাঃ আরজিনা খাতুন, শিক্ষক - সদস্য<br>৫। মোঃ জাহাঙ্গীর হোসেন, সমাজ সেবক - সদস্য<br>৬। মোছাঃ রবিলা খাতুন, সমাজ কর্মী - সদস্য<br>৭। মাওলানা মোঃ রিপন হোসেন, ঈমাম - সদস্য | ২,০০,০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার (১গ-তিস্তা) ভবনের ছাদ মেরামত। | ১। মোঃ আব্দুল কাদের, সদস্য, সীমান্ত ইউপি - প্রকল্প সভাপতি<br>২। মোছাঃ মর্জিনা বেগম, সদস্য, সীমান্ত ইউপি - সদস্য সচিব<br>৩। মোঃ আশাদুল হক, গণ্যমান্য ব্যক্তি - সদস্য<br>৪। মোঃ মনিরুল ইসলাম, শিক্ষক - সদস্য<br>৫। মোঃ রায়হান উদ্দিন, সমাজ সেবক - সদস্য<br>৬। মোছাঃ নুরুন্নাহার, সমাজ কর্মী - সদস্য<br>৭। মাওলানা মোঃ খাদেম আলী, ঈমাম - সদস্য | ১,৭০,০০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদের জুঁই ভবন এবং পানির পাম্প হাউজ মেরামত। | ১। মোঃ ইমাদ উদ্দিন, সদস্য, সীমান্ত ইউপি - প্রকল্প সভাপতি<br>২। মোঃ জহুর আলম, সদস্য, সীমান্ত ইউপি - সদস্য সচিব<br>৩। মোঃ মমিনুর রহমান, গণ্যমান্য ব্যক্তি - সদস্য<br>৪। মোঃ ইনতাজ আলী, শিক্ষক - সদস্য<br>৫। মোঃ আশরাফ আলী, সমাজ সেবক - সদস্য<br>৬। মোছাঃ বুলবুলি খাতুন, সমাজ কর্মী - সদস্য<br>৭। মাওলানা মোঃ ইমরান হোসেন, ঈমাম - সদস্য | ২,০০,০০০.০০ |

[signature] ১০/৬/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com